17

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... DEC 23 1999

পৃষ্ঠা ১২ কলাম ৩

# রাজধানীর একটি নামী স্কুলের ভর্তিচিত্র

ইলিয়াস খান



রাজধানীর ভিকারুননিসা নূন স্কুলে ভর্তি পরীক্ষা দিয়ে বাইরে এসে অভিভাবকদের জন্য শিশুদের অপেক্ষা —জনকণ্ঠ

পাঁচ বছরের তুলতুল পরীক্ষার হল থেকে বেরিয়ে এসে মায়ের কোলে ঝাঁপিয়ে পড়ল। তুলতুলের চোখেমুখে উচ্ছ্বাস-আনন্দের ছাপ। কিন্তু মা নূরুন্নাহার বেগমের অবস্থা তার বিপরীত। উদ্বেগ, উৎকণ্ঠা তার মুখজুড়ে। আপনি এত উৎকণ্ঠিত কেন? জানতে চাইলে যেন সংকিত ফিরে পেলেন নূরুন্নাহার। বললেন, ভাবছি আমার মেয়েটি আদৌ ভর্তি হতে পারবে কিনা! দীর্ঘ তিন মাস ধরে নানাভাবে ওকে প্রস্তুত করেছি। আমি সব কিছু বাদ দিয়ে ওর পিছনেই লেগেছিলাম। মেয়েটিও কম কষ্ট করেনি। দেখছেন না কত আনন্দিত! ও যেন হাঁফ ছেড়ে বেঁচেছে। দৃশ্যটি রাজধানীর একটি বিখ্যাত স্কুলের সামনের।

ভিকারুননিসা নূন স্কুলের বুধবার সকালে ছিল প্রথম শ্রেণীতে ভর্তিপরীক্ষা। সকাল সাড়ে ৮টা থেকে সাড়ে এগারোটা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ বৃহস্পতিবার ও

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## রাজধানীর একটি

(১২-এর পাতার পর)

আগামীকাল শুক্রবারও এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই স্কুলের সিদ্ধেশ্বরী শাখায় প্রথম শ্রেণীতে রয়েছে ৫৫০ আসন। ধানমণ্ডি শাখায় ৩য় থেকে ৮ম শ্রেণী পর্যন্ত আসন রয়েছে ৫৫০। স্কুল সূত্র জানায়, উপরিল্লিখিতসংখ্যক আসনের বিপরীতে ভর্তি ফরম বিক্রি হয়েছে সাড়ে চার হাজারের মতো। বুধবার স্কুলের সামনে গিয়ে দেখা যায়, পরীক্ষারত শিক্ষার্থীদের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন অভিভাবককুল। সবার চোখেমুখেই উদ্বেগ, উৎকণ্ঠা। কেননা এদের ভর্তি হতে না পারলে আবার অপেক্ষা করতে হবে একটি বছর। আর এই এক বছরে নষ্ট হবে সময়-অর্থ। তাছাড়া অধিকাংশ নামীদামী স্কুলে ইতোমধ্যে ভর্তি প্রক্রিয়া শেষ হয়ে গেছে। ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষা হামিদা আলী বললেন– সরকারী, বেসরকারী, কিন্ডারগার্টেন মিলিয়ে রাজধানীতে সহস্রাধিক স্কুল থাকলেও অভিভাবকদের টার্গেট ২০/২৫টি স্কুল। আর প্রতিবছর রাজধানীতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সংখ্যা প্রায় এক লাখ। এ জন্য ভাল স্কুলে ভর্তি করানোর জন্য অভিভাবকদের ইঁদুর দৌড় লেগেই থাকে প্রতিবছর।

রাজধানীর বেসরকারী স্কুলগুলোতে এখন শেষ ভর্তিযুদ্ধ চলছে। ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলে প্রথম শ্রেণীর ২০টি আসনের জন্য ফরম বিতরণ শুরু হয়েছে চলতি মাসের ৮ তারিখ থেকে। চলবে আগামী জানুয়ারি মাসের ৩ তারিখ পর্যন্ত। পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২২ জানুয়ারি। ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের সহঅধ্যক্ষ মুহাম্মদ আবদুল হাকিম মোল্লা জানান, প্রথম দিনই ৬৫টি আবেদনপত্র বিক্রি হয়েছে। এখনও প্রতিদিন বিপুলসংখ্যক আবেদনপত্র বিক্রি হচ্ছে। শেষ পর্যন্ত যে কত ফরম বিক্রি হবে তা এখনও বলা যায় না। আইডিয়াল স্কুলের ভর্তি পরীক্ষা নিয়ে আজ ম্যানেজিং কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে। এই বৈঠকে ফরম বিতরণের এবং পরীক্ষার সময়-তারিখ চূড়ান্ত করা হবে। স্কুল সূত্র জানায়, ২৪ ডিসেম্বরের পরে ফরম ছাড়া হতে পারে।